

যখন যেমন

কোনও কোনও দিন এরকমও হয়  
হাওয়াই চড়ুই পকেটে হঠাৎ  
গুঁজে দিয়ে যায় দাণ সময়।  
নোনা ঘাম আর বৃষ্টিতে ভেজা  
পিছমোড়া হাত বাঁধন খসায় -  
একে একে নদী ডুবে যায়  
জল ডুবে যায়  
পিছনে অথবা সামনের মাঠে  
অলীক বেলায়।  
সন্ধ্যা এবং ভোরের হাওয়ারা  
একই দিকে বয়

কোনও কোনও দিন  
এরকমও হয়।

নির্মাল্য সেনগুপ্ত

